দৈনিক বাংলা



তারিখ ...19/11/79... পৃষ্ঠা... 1 ...কলাম... 3 ...

**স্বেচ্ছাশ্রমে খাল খননের ব্যাপক কর্মসূচী**

# খাদ্য উৎপাদন দ্বিগুণ করাই বিপ্লবের প্রথম ধাপ

(স্টাফ রিপোর্টার)

বিপ্লবকে সফল করার জন্যে প্রেসিডেন্ট জিয়া কৃষি উৎপাদন বৃদ্ধির ওপর সর্বাধিক গুরুত্ব দিয়ে বলেছেন, সমগ্র দেশে খাদ্য উৎপাদন দ্বিগুণ করাই হল আমাদের বিপ্লবের প্রথম ধাপ।

গতরাতে জাতির উদ্দেশে রেডিও টিভিতে প্রদত্ত ভাষণে দেশে খাদ্য উৎপাদন বৃদ্ধির সম্ভাবনা, পরিকল্পনা ও কতিপয় ব্যবস্থার কথা উল্লেখ করেন। কৃষি উৎপাদন দ্বিগুণ করার প্রচেষ্টা সফল হলে বছরে এক কোটি টন খাদ্য রফতানী ছাড়াও লাখ লাখ বেকার লোকের কর্মসংস্থান সম্ভব হবে বলেও প্রেসিডেন্ট জিয়া আশা প্রকাশ করেন।

প্রেসিডেন্ট দুঃখ প্রকাশ করে বলেন, এটা সত্যিই দুর্ভাগ্যজনক যে আমাদের জমির উর্বরতা সত্ত্বেও আমাদের খাদ্য-ঘাটতির মোকাবিলা করতে হচ্ছে। এখনো আমরা চেষ্টা করলে আগামী পাঁচ বছরের মধ্যে খাদ্য রফতানীকারক দেশ হিসেবে পরিচিত হতে পারি।

এই লক্ষ্য অর্জনের জন্যে প্রেসিডেন্ট জিয়া সারা দেশে বারোমাসী সেচ ব্যবস্থা চালু রাখা, তিনটি ফসল উৎপাদন, কৃষি উপকরণ সুলভ করা, কৃষি যন্ত্রপাতি ও কীটনাশক ওষুধ তৈরি, বিনামূল্যে পাম্প সরবরাহ, বৃক্ষ রোপণের ওপর গুরুত্ব দেন। তিনি এ প্রচেষ্টার একটি রূপরেখাও বর্ণনা করেন। উৎপাদন বৃদ্ধির এ প্রচেষ্টার সফলতার জন্যে জনগণের কাছে গিয়ে তাদেরকে উদ্বুদ্ধ ও সংগঠিত করার ওপর তিনি অত্যন্ত গুরুত্ব আরোপ করেন।

উৎপাদন বৃদ্ধির জন্যে পানির ব্যবহারের ওপর সবচেয়ে গুরুত্ব দিয়ে বলেন—পানি না থাকলে কিছুই

(শেষ পৃঃ ৮-এর কাঃ দ্রঃ)

**ব্যাপক কর্মসূচী**

(প্রথম পৃঃ পর)

উৎপাদন করা সম্ভব নয়। দেশে বারোমাসী একটি সেচ ব্যবস্থা চালু করতে 'উলশী' প্রকল্পের অনুকরণে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে নতুন খাল কাটা ও ভরাট হয়ে যাওয়া খাল ও নদীর পুনর্খননের ব্যবস্থা নেয়া ও নতুন নতুন টিউব ওয়েল, পাম্প বসানোর ব্যবস্থার কথাও তিনি উল্লেখ করেন। প্রেসিডেন্ট প্রতিটি মহকুমায় কমপক্ষে একটি ফিডার খাল কাটার নির্দেশও দেন। এ প্রসঙ্গে তিনি বলেন যে, যে স্থানে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে খাল কাটা হবে সেখানে নদী থেকে পানি সরবরাহের জন্যে প্রয়োজনীয় পাম্প বিনামূল্যে সরবরাহের ব্যবস্থা সরকার করবেন। তবে পাম্প সংরক্ষণ ও চালনার দায়িত্ব থাকবে সমবায়ের ওপর। এসব খালে মাছের চাষ করা যাবে।

উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টায় কৃষি যন্ত্রপাতি, সার ও কীটনাশক দ্রব্যের চাহিদা বৃদ্ধির কথা উল্লেখ করে প্রেসিডেন্ট বলেন যে এগুলো দেশে উৎপাদনের লক্ষ্য অর্জনের ব্যবস্থা নেয়া হচ্ছে।